

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫

ধর্মনগর, ৫ এপ্রিল, ২০২৪

**লোকসভা নির্বাচন ২০২৪**  
**ধর্মনগরে ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষকের**  
**সভাপতিত্বে বৈঠক অনুষ্ঠিত**

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রের দায়িত্বপ্রাপ্ত ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক রোবেন ম্যাথু জেকবের সভাপতিত্বে আজ উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক স্ট্যাটিক সার্ভেলেন্স টিম, ফ্লাইং স্কোয়াড টিম, ভিডিও ভিউইং টিম, অ্যাকাউন্টিং টিম ইত্যাদি নির্বাচনী ব্যয় সংক্রান্ত বিষয় নজরদারি করার জন্য দায়িত্বপ্রাপ্তদের কীভাবে কাজ করতে হবে সে সম্পর্কে আলোকপাত করেন। ইলেকশন এক্সপেন্ডিচার মনিটরিংয়ের উত্তর জেলার নোডাল অফিসার সুমন রক্ষিত উত্তর জেলায় নির্বাচনী ব্যয় সংক্রান্ত বিষয় নজরদারি করার জন্য যা যা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা সভায় তুলে ধরেন। তিনি জানান, উত্তর জেলায় ৬৩টি এসএসটি, ২১টি এফএসটি, ১২টি ভিডিও সার্ভেলেন্স টিম, ৭টি ভিডিও ভিউইং টিম, ৭টি অ্যাকাউন্টিং টিম, ২১টি নাকা পয়েন্ট, ৭টি এক্সাইজ নাকা ইত্যাদি তৈরি করা হয়েছে। এদিনের সভায় অতিরিক্ত জেলাশাসক বিপ্লব দাস, অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া, পানিসাগরের মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, কাঞ্চনপুরের মহকুমা শাসক প্রদীপ কৃষ্ণরাজ প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*